

স্মারক নং ০৫.৫০.৮১০০.০১৫.০৭.০৯৯.২০২৩- ৩৫২

তারিখঃ ২৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
২২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর আলোকে রাজশাহী জেলার ০৪(চার)টি বালুমহাল বাংলা ১৪৩০ সনে ইজারার প্রদানের নিমিত্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে নিম্নলিখিত তারিখ ও সময়ে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা হয়েছিল। ১ম দরপত্রে কাঙ্ক্ষিত ইজারা মূল্য পাওয়া না গেলে ২য় দরপত্র এবং ২য় দরপত্রে কাঙ্ক্ষিত ইজারা মূল্য পাওয়া না গেলে ৩য় দরপত্র কার্যকর হবে মর্মে এ কার্যালয়ের ১৭/০১/২০২৩ খ্রি. তারিখের ৩১.৪৩.৮১০০.০১৫.০৭.০৯৯.২০২৩-৭৬ নং স্মারকে বিজ্ঞপ্তি প্রকাশ হয়েছিল।

ক্র: নং	দরপত্র আহ্বানের ধাপ	দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১	২	৩	৪	৫
০১	১ম	০৬/০২/২০২৩ খ্রি. অফিস চলাকালে	০৭/০২/২০২৩ খ্রি. বেলা ০১.০০ টা পর্যন্ত	০৭/০২/২০২৩ খ্রি. বিকাল ০৪.০০ টা
০২	২য়	১৩/০২/২০২৩ খ্রি. অফিস চলাকালে	১৪/০২/২০২৩ খ্রি. বেলা ০১.০০ টা পর্যন্ত	১৪/০২/২০২৩ খ্রি. বিকাল ০৪.০০ টা
০৩	৩য়	২০/০২/২০২৩ খ্রি. অফিস চলাকালে	২২/০২/২০২৩ খ্রি. বেলা ০১.০০ টা পর্যন্ত	২২/০২/২০২৩ খ্রি. বিকাল ০৪.০০ টা

দরপত্র আহ্বানের ১ম ধাপ অর্থাৎ গত ০৭/০২/২০২৩ খ্রি. তারিখে গোদাগাড়ী উপজেলার ০৫(পাঁচ) ও ০৬(ছয়) মৌজা বালুমহালের কাঙ্ক্ষিত ইজারা দর পাওয়ায় পরবর্তী ২য় ও ৩য় দরপত্র আহ্বানের ধাপের জন্য (১৪/০২/২০২৩ ও ২২/০২/২০২৩ খ্রি. তারিখ) উক্ত বালুমহালের দরপত্র ফরম বিক্রয় করা হবে না মর্মে জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির গত ০৯/০২/২০২৩ খ্রি. তারিখের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে পবা উপজেলাধীন চরশ্যামপুর ও দিয়ার খিদিরপুর এবং চারঘাট উপজেলাধীন চারঘাট মৌজার বালুমহাল বিষয়ে মহামান্য হাইকোর্টের ১১১২/২০২৩ ও ১১১৩/২০২৩ নং রিট পিটিশনের আদেশ/নির্দেশ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

*Saini*  
২২.০২.২০২৩

সানিয়া বিনতে আফজল  
রেভিনিউ ডেপুটি কালেক্টর

ও

সদস্য সচিব

জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি  
রাজশাহী

ফোন নম্বর-০২৫৮৮৮৫৭৩৯৪

ই-মেইল: rdcrajshahi@gmail.com